

ত্রিপাক্ষিক চাবাহার চুক্তির চূড়ান্তকরণ

এপ্রিল ১৭, ২০১৬

ভারত, আফগানিস্তান ও ইরানের বিশেষজ্ঞদের নিয়ে ১১ এপ্রিল নয়াদিল্লিতে অনুষ্ঠিত দ্বিতীয় বৈঠকে তিন দেশের মধ্যে পরিবহন ও ট্রানজিট করিডর (চাবাহার চুক্তি) নিয়ে ত্রিপাক্ষিক চুক্তির টেক্সট চূড়ান্ত করা হয়।

খসড়া চুক্তিতে ত্রিপাক্ষিক সহযোগিতার ভিত্তিতে ভারতের সঙ্গে আফগানিস্তানের বাণিজ্যের ব্যাপারে বিকল্প সমুদ্রপথে প্রবেশাধিকারের কথা কল্পনা করা হয়ে ছিল। যখন এই চুক্তি কার্যকর হবে, তখন সঠিক ব্যবহারে চাবাহার বন্দরের উল্লেখযোগ্য উন্নতি হবে, আফগানিস্তানের অর্থনৈতিক উন্নতিতে অবদান থাকবে এবং ভারত-আফগানিস্তান ও মধ্য এশিয়ার মধ্যে আঞ্চলিক যোগাযোগ সহজতর হবে। তিন দেশ তথা সংশ্লিষ্ট অঞ্চলের মধ্যে জনসাধারণ এবং পণ্য চলাচলের ক্ষেত্রে এই চুক্তি আরও বৃহত্তর স্ট্র্যাটিজিক বুলওয়ার্ক হবে।

তিন দেশের মধ্যে প্রয়োজনীয় অভ্যন্তরীণ কার্যক্রম সম্পন্ন করার পর একটি উচ্চপর্যায়ের চুক্তির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নয়াদিল্লি

এপ্রিল ১২, ২০১৬